

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 21-05-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Panchayat-Polling station :

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য গতকাল ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে। এই খসড়া তালিকায় ভোট কেন্দ্র রয়েছে ২,৬৫০টি । কমিশনের নির্ঘন্ট অনুযায়ী ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজ গতকাল থেকে শুরু হয়েছে। তা চলবে আগামী ২৮শে মে পর্যন্ত। এরপর ৩০ শে মে-এর মধ্যে দাবি ও আপত্তি সমূহের কাজ শেষ হবে। ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ৩রা জুন। তাছাড়া প্রতিটি জেলায় কর্মসূচি সম্পন্ন হয়েছে।

5th Phase Voting :

অষ্টাদশ লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের ভোটগ্রহণ গতকাল শেষ হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ৬০.৪৮ শতাংশ ভোট পড়েছে। এই পর্বে ৬৯৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। গতকাল যাদের ভাগ্য নির্ধারণ করা হয়েছে তাদের মধ্যে রয়েছেন বিজেপি নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, পীযুষ গোয়েল এবং স্মৃতি ইরানি, কংগ্রেস নেতা রাহুল গান্ধী এবং কে এল শর্মা, ন্যাশনাল কনফারেন্সের ওমর আবদুল্লাহ এবং এল.জে.পি. (রাম বিলাস) চিরাগ পাসওয়ান। উল্লেখ্য এখন পর্যন্ত ২৪টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৭৯টি আসনের ভোটগ্রহণ শেষ হয়েছে।

Mourn - India :

হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ডক্টর সৈয়দ ইব্রাহিম রাইসি এবং পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আব্দুল্লাহিয়ানের মৃত্যুতে শ্রদ্ধা জানাতে আজ ভারতে একদিনের রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে। এই উপলক্ষে সারাদেশে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে ও সরকারিভাবে কোনো বিনোদনমূলক কর্মসূচি থাকবে না। এদিকে, রাজ্য সরকারের সাধারণ প্রশাসনের উপসচিব মনোজ কুমার সাহা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, ভারতের যেসব ভবনে নিয়মিত জাতীয় পতাকা উত্তোলন করা হয়, সেখানে আজ পতাকা অর্ধনমিত থাকবে।

Mohan Bhagabat :

আগামী ২৩ মে পাঁচদিনের সফরে রাজ্যে আসছেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের প্রধান মোহন ভাগবত। খয়েরপুর সেবাধামে বিশেষ কিছু অনুষ্ঠানকে সামনে রেখে তার এই রাজ্য সফর বলে প্রাথমিকভাবে জানা গেছে। আর.এস.এস. প্রধানের রাজ্য সফরকে ঘিরে ব্যস্ততা রয়েছে রাজ্য পুলিশে।

Deputation :

রাজ্যের দৃষ্টিহীনদের স্বার্থ সংশ্লিষ্ট সাত দফা দাবীর ভিত্তিতে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডঃ বিশাল কুমারের নিকট অল ত্রিপুরা ব্লাইন্ড এসোসিয়েশনের পক্ষ থেকে ডেপুটেশন প্রদান করা হয়। দাবিগুলির মধ্যে রয়েছে পশ্চিম ত্রিপুরা জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্রের ব্রেইল প্রেসকে আরো উন্নত করা এবং তার জন্য উপযুক্ত কর্মী নিয়োগ, দৃষ্টিহীনদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা প্রমুখ। প্রতিনিধিদলে ছিলেন সংগঠনের সাধারণ

সম্পাদক মিটন সাহা, প্রচার সম্পাদক সুব্রত সরকার সহ
অন্যান্যরা।

Tripura Mahila commission :

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আজ থেকে
শান্তিরবাজারস্থিত পি ডব্লিউ ডি ডাকবাংলোতে দু দিন ব্যাপী
কাউন্সেলিং ক্যাম্প অনুষ্ঠিত হবে। এই কাউন্সেলিং ক্যাম্পে
উপস্থিত থাকবেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ার পার্সন ঝর্ণা
দেববর্মা ও কমিশনের অন্যান্য সদস্যগণ।

Deputation For Neshha :

নেশার বেআইনি ব্যবসা বন্ধ করতে পুলিশের কাছে দাবি
জানিয়েছে ডি.ওয়াই.এফ.আই. এবং টি.ওয়াই.এফ. । গতকাল
সন্ধ্যায় বিধায়ক নয়ন সরকারের নেতৃত্বে বামপন্থী দুই যুব
সংগঠনের এক প্রতিনিধি দল মোহনপুরের এস.ডি.পি.ও. কমল
বিকাশ মজুমদারের কাছে ডেপুটেশন দেন। বিধায়ক শ্রী সরকার

জানান, আইন শৃঙ্খলা বজায় রাখতে হলে নেশাদ্রব্যের বিক্রি সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে। এস.ডি.পি.ও. -র কাছে নেশা কারবারিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি করা হয়েছে।

Left Student- Press Meet:

চারটি বামপন্থী ছাত্র-যুব সংগঠন এস.এফ.আই., টি.এস.ইউ., ডি.ওয়াই.এফ.আই. ও টি.ইউ.এফ. রাজ্যব্যাপী আন্দোলন কর্মসূচি গ্রহণ করেছেন। এই চারটি সংগঠনের নেতৃত্ব গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, রাজ্যে বর্তমানে শিক্ষা ও স্বাস্থ্যের পরিকাঠামো বেহাল। তাছাড়া, আইনশৃঙ্খলা ভেঙ্গে পড়েছে। এই অবস্থার প্রতিবাদ জানিয়ে আজ থেকে ২৪ শে মে সারা রাজ্যে আন্দোলন সংঘটিত করবে চারটি বাম ছাত্র-যুব সংগঠন।

Under-17, T-20 Tournament :

বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ্ব-১৭ আন্তঃ
স্কুল ক্রিকেট টুর্নামেন্টের সুপার লীগের দুইটি ম্যাচে গতকাল
বড়পাথরী দ্বাদশ স্কুল ও সোনাপুর দ্বাদশ স্কুল জয়লাভ করে।
উত্তর বিলোনিয়া মাঠে অনুষ্ঠিত ম্যাচে বড়পাথরী দ্বাদশ স্কুল ৪
উইকেটে জয়পুর দ্বাদশ স্কুলকে পরাজিত করেছে। বিদ্যাপীঠ
মাঠে অনুষ্ঠিত ম্যাচে সোনাপুর দ্বাদশ স্কুল ২ উইকেটে
বিদ্যাপীঠ দ্বাদশ স্কুলকে পরাজিত করেছে।

Weather :

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ আংশিক
মেঘাচ্ছন্ন থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি।
দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। কিছু
কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

Weather-India :

ভারতের আবহাওয়া দপ্তর আগামী চারদিনের জন্য উত্তর-পশ্চিম ভারত, উত্তর মধ্যপ্রদেশ এবং গুজরাট রাজ্যে তীব্র তাপপ্রবাহের জন্য একটি লাল সতর্কতা জারি করেছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, এই মাসের ২৪ তারিখ তারিখ পর্যন্ত পাঞ্জাব, হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, রাজস্থানের পশ্চিম ভাগ, উত্তর প্রদেশ পশ্চিম ভাগ, পূর্ব রাজস্থান এবং উত্তর-পশ্চিম মধ্যপ্রদেশে তাপপ্রবাহ থেকে তীব্র তাপপ্রবাহ সৃষ্টি হতে পারে।
